

প্রথম আলো

1 3:00 2013
৯

স্বর্ণের দোকানে ডাকাতি

সিলেটে ছাত্রলীগের ক্যাডারসহ তিনজন গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক, সিলেট

সিলেটের জি-দারাজার নেহার মার্কেটে স্বর্ণের দোকানে দুটপাটের ঘটনায় অভিযুক্ত সন্দেহে ছাত্রলীগের ক্যাডার তিসক জৌধুরীসহ তাঁর দুই সহযোগীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল পনিবার ভোরে নগরের বন্দরবাজার এলাকা থেকে তাঁদের গ্রেপ্তার করা হয়। এ সময় তাঁদের ব্যবহৃত একটি প্রাইভেট কারও জব্দ করা হয়েছে।

গ্রেপ্তার অন্য দুজন হলেন ঢাকার পল্লবীর বাসিন্দা হাফিজ আল-মিসবাহ (২৫) ও সিলেটের ওসমানী নগরের মামুন আহমদ (২৪)।

ছাত্রলীগের ক্যাডার হিসেবে পরিচিত তিসকের বিরুদ্ধে থানায় ছিনতাই ও চাঁদাবাজির অভিযোগে একাধিক মামলা রয়েছে। ঘটনার পর থেকে তাঁর সন্ধান পাওয়া যায়নি। তবে পুলিশ তাঁর সন্ধানে তৎপর ছিল।

তিসকের বাসা নগরের মির্জা জাসাল এলাকায়। পুলিশ জানায়, গত ৪ শেপ্টেম্বর নেহার মার্কেটে বোমা মেরে ও গুলি চুড়ে স্বর্ণের দোকানে দুটপাট চাপানো হয়। গুলিতে বিপণিবিতানের নিরাপত্তাকর্মী বাদশা মিয়া নিহত হন। এ ঘটনায় ডাকাতির মামলা হলে পুলিশের একাধিক দল তদন্ত শুরু করে।

মামলার তদন্ত কর্মকর্তা ও সিলেট কোতোয়ালি থানার বন্দরবাজার ফাঁড়ি পুলিশের ইনচার্জ সৈয়দ ইমরোজ তারেক বলেন, তিসকের ডান হাত, বুকের বাম দিক, বাহু ও পল্লার বিভিন্ন অংশে পোড়া দাগ রয়েছে।

পুলিশ এ থেকে ধারণা করছে, স্বর্ণের দোকানে ডাকাতির সঙ্গে তাঁর সংশ্লিষ্টতা রয়েছে। এসব কতের কারণ সম্পর্কে তিসকও সিকিট করে কিছু বলতে না পারায় সন্দেহ বেড়েছে। তিনজনকেই এই মামলায় গ্রেপ্তার দেখিয়ে আদালতের মাধ্যমে জেপফাজতে পাঠানো হয়েছে।